বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল

রাজশাহী বিশ্ববিদ্যালয়

১৭ জানুয়ারি ॥ ২০২৬

বিষয়: বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল-বাবিক-এর পরিচালনা পর্ষদ ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত

সম্মাননীয়,

বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল-বাবিক-এর পক্ষ থেকে আপনাকে জানাই হার্দিক শুভেচ্ছা।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, গত দ্বি-বার্ষিক সাধারণ সভায় বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিলের প্রবিধানমালা চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। এ সভায় ৩৫ জন সদস্য বিভিন্ন অঙ্কের অনুদান প্রদানের ঘোষণা দিয়েছেন যার পরিমাণ প্রায় ১৩ লাখ টাকা। এছাড়া আরো অনেকে কল্যাণ তহবিলে অনুদান দিয়ে কল্যাণ কার্যক্রমে ভূমিকা রাখতে আগ্রহ প্রকাশ করেছেন। আমাদের বিশ্বাস বাবিক লক্ষ্য অনুযায়ী এগিয়ে যেতে সক্ষম হবে।

প্রবিধানমালা অনুযায়ী বাবিক-এর পরিচালনা পর্ষদ এবং ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে আগামী **৩০ জানুয়ারি ২০২৬ শুক্রবার** রাজশাহীর বায়াতে অবস্থিত আশ্রয় এর কনফারেন্স রুমে সন্ধ্যা সাড়ে সাতটায় এক সভা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য প্রবিধানমালা অনুযায়ী যেসব সদস্য কমপক্ষে ২৫,০০০ টাকা অনুদান প্রদান করবেন তাঁরা পরিচালনা পর্ষদের সদস্য হিসাবে গণ্য হবেন। এজন্য পরিচালনা পর্ষদের সদস্য হিসাবে প্রথম সভায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিশ্রুত অনুদান আগামী **২৯ জানুয়ারি ২০২৬** এর মধ্যে বাবিক-এর সোনালী ব্যাংক রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা হিসাব নম্বর- ৪৬২৭৬০১০০৪২৬৮ এ সরাসরি বা অনলাইনে জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। অর্থ জমা দেওয়ার পর জমা স্লিপের অনুলিপি হোয়াটসঅ্যাপ/ম্যাসেঞ্জারের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীদের কাছে প্রেরণ করতে হবে। জমা স্লিপের প্রমাণক প্রাপ্তির পর অনুদানকারীর নিকট চেয়ারম্যান/সদস্য সচিবের স্বাক্ষরিত অনুদান গ্রহণের পাকা রসিদ প্রেরণ করা হবে।

আগামী ৩০ জানুয়ারি ২০২৬ এর পূর্বে প্রতিশ্রুত অনুদান প্রদান করে বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল-বাবিক-এর পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে প্রথম সভায় উপস্থিত হয়ে সভা সফল করার জন্য আপনাকে একান্তভাবে অনুরোধ করছি।

**ধন্যবাদ ও শ্রদ্ধাসহ**


ব্রাইনির ইসলাম
চেয়ারম্যান, আহ্বায়ক কমিটি
বাবিক
**মোবাইল/হোয়াটসঅ্যাপ: ০১৭১২২৪৩৭৪৭**
**ম্যাসেঞ্জার: Brainir Islam**

ফারজানা মেহবুব শায়লা
সদস্য সচিব, আহ্বায়ক কমিটি
বাবিক
**মোবাইল/হোয়াটসঅ্যাপ: ০১৭২৩০৪২৯০৫**
**ম্যাসেঞ্জার: Farzana Mehbub Shaila**


সংযুক্তি: বাবিক প্রবিধানমালা